দৈনিক বাংলা

16

তারিখ 02 APR 1990
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... 8

## ভিস'র নিয়োগ প্রত্যাহার করুনঃ তলবী সভা

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের এক অংশের সভায় বিশ্ববিদ্যালয় খোলার আগেই ভাইস-চ্যান্সেলর প্রফেসর এম মনিরুজ্জামান মিঞার নিয়োগ প্রত্যাহারের দাবী করা হয়। (৩-এর পৃঃ দ্রঃ)

### তলবী সভা

প্রথম পৃঃ পর

বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে তলবী সাধারণ সভা হিসাবে আহুত এ সভায় সভাপতিত্ব করেন প্রফেসর আবদুল জব্বার মিঞা। সভার প্রস্তাবে বলা হয়ঃ প্রফেসর আবদুল মান্নান পদত্যাগ করায় ভিসি পদে যে সাময়িক শূণ্যতার সৃষ্টি হয় সেখানে ভিসির কাজ চালিয়ে নেয়ার জন্যে ব্যবস্থা গ্রহণ করতে গিয়ে প্রফেসর মনিরুজ্জামান মিঞাকে সরাসরি নিয়মিত ভিসি নিয়োগ করায় ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩-এর ১১ নং ধারা লংঘিত হয়েছে। এ নিয়োগ প্রত্যাহার করে '৭৩-এর ১১ (২) ধারা প্রয়োগ করে ভাইস-চ্যান্সেলরের দাফতরিক দায়িত্বভার চালিয়ে নেয়ার জন্যে উপযুক্ত ব্যবস্থা নেয়া হোক।

সভায় বক্তব্য রাখেন প্রফেসর একে এম সাদউদ্দিন, প্রফেসর এম মণিরুজ্জামান, প্রফেসর আবদুল মমিন চৌধুরী, প্রফেসর এ কে আজাদ চৌধুরী, প্রফেসর রঙ্গলাল সেন, ডঃ এরশাদুল বারী প্রমুখ।

প্রফেসর সাদউদ্দিন অভিযোগ করেন যে, দীর্ঘ চক্রান্তের অংশ হিসাবে বর্তমান পদ্ধতিতে ভাইস-চ্যান্সেলরের নিয়োগ দেয়া হয়েছে। প্রফেসর মমিন চৌধুরী বলেন, যেভাবে ভিসির নিয়োগ দেয়া হয়েছে তা '৭৩ -এর অধ্যাদেশের ওপর হস্তক্ষেপের সামিল।

প্রফেসর আজাদ চৌধুরী বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন ভাইস-চ্যান্সেলরই স্বেচ্ছায় পদত্যাগ করেননি। তাদেরকে পদত্যাগে বাধ্য করা হয়েছে।

আইন বিভাগের চেয়ারম্যান ডঃ এরশাদুল বারী বলেন, বিশ্ববিদ্যালয়ে ছুটিজনিত শুণ্য পদে অথবা অস্থায়ী পদে শিক্ষক হিসাবে অনেকেই নিয়োগ পান। তাদেরকে শিক্ষক হিসাবেই সম্বোধন করা হয়। অস্থায়ী শিক্ষক বা ভারপ্রাপ্ত শিক্ষক বলা হয় না। তিনি আরও বলেন, বর্তমান ভিসির নিয়োগ নিয়ে অযথা বিতর্ক সৃষ্টি না করে সিনেটকে সচল করতে উদ্যোগী হওয়া প্রয়োজন।

ডঃ বারীর বক্তৃতার সময় কয়েকজন শিক্ষক তার বক্তব্যে বাধার সৃষ্টি করেন।